রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২২, ২০১৮**

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৭—৯৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৪১—২৬০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৩—১৯৮ | (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### অর্থ মন্ত্রণালয়
### আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
### বিএসইসি ও বিআইসিএম শাখা
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ মাঘ ১৪২৪/১৪ জানুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-০৭—পুঁজিবাজারে ভাল সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন ২টি কোম্পানিকে লাভজনক পর্যায়ে উন্নীত-করণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম মনিটর করার জন্য সরকার কর্তৃক গত ২৮-০৮-২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-২০৭ নং প্রজ্ঞাপনমূলে ইতোপূর্বে গঠিত কমিটি নিম্নরূপ ভাবে পুনর্গঠন করা হ'ল :

আহবায়ক

১ জনাব মোঃ এখলাছুর রহমান, অতিরিক্ত সচিব (টিডিএম), অর্থ বিভাগ

সদস্যবৃন্দ

২ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের একজন যুগ্মসচিব

৩ জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৪ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একজন নির্বাহী পরিচালক

৫ ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

* কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে;
* কমিটি প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে বসবে;
* এ কমিটিকে সার্বিক সহায়তা প্রদানের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সাচিবিক দায়িত্ব পালন করবে;
* কমিটির আহবায়ক তাঁর সুবিধাজনক তারিখ ও সময়ে সভা আহব্বান করবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-০৮**—পুঁজিবাজারে ভাল সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে জ্বালানী ও খনিজসম্পদ বিভাগের আওতাধীন ৯টি এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন ৪টি, মোট ১৩টি কোম্পানিকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম মনিটর করার জন্য সরকার কর্তৃক গত ২৮-০৮-২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-২০৮ নং প্রজ্ঞাপনমূলে ইতোপূর্বে গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হ'ল:

**আহবায়ক**

১ জনাব মোঃ এখলাছুর রহমান, অতিরিক্ত সচিব (টিডিএম), অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

২ জ্বালানী ও খনিজসম্পদ বিভাগের একজন যুগ্মসচিব

৩ বিদ্যুৎ বিভাগের একজন যুগ্মসচিব

৪ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একজন নির্বাহী পরিচালক

সদস্য-সচিব

৫ জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

* কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে;
* কমিটি প্রতি দুই মাসে কমপক্ষে একবার বৈঠকে বসবে;
* এ কমিটিকে সার্বিক সহায়তা প্রদানের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সাচিবিক দায়িত্ব পালন করবে;
* কমিটির আহবায়ক তাঁর সুবিধাজনক তারিখ ও সময়ে সভা আহব্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর এর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২১ পৌষ ১৪২৪/০৪ জানুয়ারি ২০১৮

**নং ০৬/সলিসিটর/২০০৯-১১৬**—The Bangladesh Law Officers Order, 1972 (P.O. No. 6 of 1972) এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সুপ্রীমকোর্টের নিম্নবর্ণিত ৩৪(চৌত্রিশ) জন আইনজীবীকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশের ডেপুটি অ্যাটর্নি-জেনারেল পদে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পিতা/স্বামীর নাম | নিবাস |
|---|---|---|
| ১ | জনাব বশির আহমেদ<br>পিতা-মৃত মোঃ বিনোদ আলী | গাজীপুর |
| ২ | জনাব শেখ সাইফুজ্জামান (জামান)<br>পিতা-শেখ আবদুস সামাদ | সাতক্ষীরা |
| ৩ | জনাব প্রতিকার চাকমা<br>পিতা-চীর শান্তি চাকমা | খাগড়াছড়ি |
| ৪ | জনাব ইয়াসমিন বেগম বিথী<br>স্বামী-এম এ গনি | ঢাকা |
| ৫ | জনাব তাইফুর কবির<br>পিতা-সামসুল হক | গাজীপুর |
| ৬ | জনাব সমরেন্দ্র নাথ বিশ্বাস<br>পিতা-সত্যেন্দ্র নাথ বিশ্বাস | খুলনা |
| ৭ | জনাব মোঃ আশেক মোমিন<br>পিতা-এ, টি, এম, আব্দুল মোমিন | ঢাকা |
| ৮ | জনাব মোহাম্মদ মোস্তফা জামাল<br>পিতা-আলহাজ্ব মৌলভী আবদুল ওহাব | নরসিংদী |
| ৯ | জনাব মোঃ আমিনুর রহমান চৌধুরী টিকু<br>পিতা-মৃত মকসুদুল হক চৌধুরী | গোপালগঞ্জ |
| ১০ | জনাব এম, এ, কামরুল হাসান খান (আসলাম)<br>পিতা-মৌলভী আব্দুল মজিদ খান | ফরিদপুর |
| ১১ | বেগম খালেদা বিজলী<br>পিতা-লোকমানুর রহমান | রাজশাহী |
| ১২ | জনাব মোঃ জাবের<br>পিতা-নুর মোহাম্মদ | নোয়াখালী |
| ১৩ | জনাব মোঃ গোলাম মোস্তফা<br>পিতা-মোঃ জিয়াউল হক ভূঞা | ফেনী |
| ১৪ | জনাব খন্দকার বশির আহমেদ<br>পিতা-মৃত খন্দকার আবুল বাশার | ফরিদপুর |
| ১৫ | জনাব মোঃ মহিউদ্দিন দেওয়ান<br>পিতা-মৃত মোঃ সৈজদ্দিন দেওয়ান | মানিকগঞ্জ |
| ১৬ | জনাব শেখ সিরাজুল ইসলাম সিরাজ<br>পিতা-হাজী মোন্তাজ উদ্দীন শেখ | মাদারীপুর |
| ১৭ | জনাব ফরিদুল আলম তালুকদার<br>পিতা-মৃত তোজাম্মেল হোসেন তালুকদার | টাঙ্গাইল |
| ১৮ | জনাব এস. এম. গোলাম মোস্তফা<br>পিতা-মৃত মোমতাজ উদ্দিন | পাবনা |
| ১৯ | জনাব জয়নাল আবেদীন (সেলিম)<br>পিতা-অহিদুর রহমান | নোয়াখালী |
| ২০ | জনাব মোঃ এনামুল হক মোল্লা<br>পিতা-মোঃ আব্দুল হাকিম মোল্লা | গোপালগঞ্জ |
| ২১ | জনাব অপূর্ব কুমার ভট্টাচার্য্য<br>পিতা-নৃপেন্দু নারায়ন ভট্টাচার্য্য | চট্টগ্রাম |
| ২২ | জনাব এ. কে. এম. দাউদুর রহমান মিনা<br>পিতা-আদিল উদ্দিন মিনা | গোপালগঞ্জ |
| ২৩ | জনাব এ, কে, এম, আমিন উদ্দিন<br>পিতা-মৃত মোহাঃ সামছুল হক | নোয়াখালী |
| ২৪ | জনাব ব্যারিষ্টার এ বি এম আব্দুল্লাহ আল মাহমুদ (বাশার)<br>পিতা- মোহাম্মদ আলী | সিরাজগঞ্জ |
| ২৫ | জনাব রাফি আহম্মেদ<br>পিতা-নাজির আহমেদ ভুইয়া | নোয়াখালী |

| ক্রমিক নং | নাম ও পিতা/স্বামীর নাম | নিবাস |
|---|---|---|
| ২৬ | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>পিতা-মৃত আব্দুস সোবহান হাওলাদার | বরিশাল |
| ২৭ | জনাব জেসমিন সুলতানা (সামশাদ)<br>পিতা-মৃত শিবাবুল ওয়াদুদ | কক্সবাজার |
| ২৮ | জনাব নুসরাত জাহান<br>পিতা-মৃত মোঃ হেমায়েত উদ্দিন | ভোলা |
| ২৯ | জনাব কাজী ইবাদত হোসেন<br>পিতা-কাজী মোহাম্মদ হোসেন | গোপালগঞ্জ |
| ৩০ | জনাব মোঃ মনোয়ার হোসেন<br>পিতা-মৃত মৌঃ দারাজউদ্দিন আহমেদ | নীলফামারী |
| ৩১ | জনাব রহিমা খাতুন<br>স্বামী-মোঃ আব্দুস সামাদ | রাজবাড়ী |
| ৩২ | জনাব এমরান আহম্মদ ভূঁইয়া<br>পিতা-সুলতান আহম্মদ ভূঁইয়া | চট্টগ্রাম |
| ৩৩ | জনাব অরবিন্দ কুমার রায়<br>পিতা-অখিল চন্দ্র রায় | সিরাজগঞ্জ |
| ৩৪ | জনাব এম. ডি. রেজাউল করিম<br>পিতা-মৃত মোঃ সামচুল হক শরীফ | গোপালগঞ্জ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রঞ্জন কুমার সাহা**
সলিসিটর (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**বায়োটেকনোলজি সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ পৌষ ১৪২৪/১১ জানুয়ারি ২০১৮

**নং ৩৯.০০.০০০০.০২৫.০২.০৩৭.১৫.১৪**—দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য কৃষি, খাদ্য, মৎস্য ও প্রাণিসম্পদ, পরিবেশ ও বন, ঔষধ ও রসায়ন দ্রব্যাদি উৎপাদনের উদ্দেশ্যে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে জীবপ্রযুক্তি (Biotechnology) এর উদ্ভাবন, উহার ব্যবহার, প্রয়োগ, প্রসার ও জীবনমান উন্নীতকরণ, দারিদ্র বিমোচনে সঠিক ব্যবহার ও বিস্তারের লক্ষ্যে সরকারের সর্বোচ্চ নীতিনির্ধারণ ও নিয়ন্ত্রণমূলক কার্যাদি সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় টাস্কফোর্স Taskforce on Biotechnology of Bangladesh (NTBB) পুর্নগঠন করা হলো :

(ক) জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় টাস্কফোর্স National Task-force on Biotechnology of Bangladesh (NTBB) :

**সভাপতি**

১ মাননীয় প্রধানমন্ত্রী

**সহ সভাপতি**

২ মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৩ মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

৪ মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

৫ মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়

৬ মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

৭ মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

৮ মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়

১০ মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়

১১ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

১২ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৩ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

১৪ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১৫ সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

১৬ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১৭ সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

১৮ সচিব, কৃষি মন্ত্রণালয়

১৯ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

২০ সচিব, শিল্প মন্ত্রণালয়

২১ সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

২২ সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়

২৩ চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

২৪ চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)

২৫ নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

**বিশেষজ্ঞ সদস্য**

২৬ চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

**সদস্য-সচিব**

২৭ সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি :**

১। বায়োটেকনোলজি সংক্রান্ত সকল বিষয়ে সরকারের নীতি ও নিয়ন্ত্রণমূলক কার্যক্রম সম্পর্কে নির্দেশনা প্রদান;

২। অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে (Sector) জীবপ্রযুক্তি প্রয়োগ সম্পর্কে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সুরমান আলী**
সহকারী সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ পৌষ ১৪২৪/০৩ জানুয়ারি ২০১৮

**নং ৩৭.০০.০০০০.১১৮.২৪.০০২.১৭-০৩**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর রবীন্দ্র বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ এর ১৩(১) ধারা অনুযায়ী অধ্যাপক মোঃ আব্দুল লতিফ, অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত), সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর-কে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন :

(ক) ট্রেজারার হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) ট্রেজারার হিসেবে তিনি অবসর অব্যবহিত পূর্ব পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি ট্রেজারার পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঙ) এই নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**হাবিবুর রহমান**
উপসচিব।

---

## সরকারি কলেজ-৩ অধিশাখা

**অফিস আদেশাবলী**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৪/১২ ডিসেম্বর ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৬৫.১৩-৬৯১**—যেহেতু, জনাব মোঃ রেজাউল করিম (০১৪০৯৭), সহকারী অধ্যাপক (বাংলা), শাহজাদপুর সরকারি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় মামলা নং-২৪৩/২০১৩ দায়ের করা হয়। সে পরিপ্রেক্ষিতে বিজ্ঞ বিচারক তাকে জেল হাজতে প্রেরণ করেন। তার পরিপ্রেক্ষিতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, বিজ্ঞ আদালত (নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, নওগাঁ) কর্তৃক তাকে ২০-১১-২০১৭ তারিখ হতে মামলা অব্যাহতি প্রদান করা হয়। সে পরিপ্রেক্ষিতে তাকে চাকরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, মাননীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ রেজাউল করিম (০১৪০৯৭), সহকারী অধ্যাপক (বাংলা), শাহজাদপুর সরকারি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ বরখাস্ত-কালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৪/০৭ ডিসেম্বর ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১৭-৬৮৪**—যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নূরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর পিতা-সাহাজাহান আলী, সাং-আন্দইল পোতা, থানা+জেলা-যশোর (মামলার এজাহারে বর্ণিত ঠিকানা-রুম নং-৪০৩, অমর একুশে হল, ঢাকা বিশ্বাবিদ্যালয়, শাহবাগ, ঢাকা) এর বিরুদ্ধে শাহবাগ থানার মামলা নং-৩১(১১)১২। পরবর্তীতে দায়রা মামলা নং-৩৮০৪/১৩ ধারা সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ এর ৮/৯। তিনি উক্ত মামলায় এজাহারভুক্ত ১নং আসামী। এ মামলায় তিনি গ্রেফতার হয়ে পরবর্তীতে জামিন লাভ করেন। বর্ণিত মামলাটির আই/ও-এস আই মোঃ মাসুদ রানা, শাহবাগ থানা, ডিএমটি, ঢাকা তদন্ত করে অভিযোগপত্র নং (চার্জশীট) ৩৪৯ তারিখ ৩০-১২-১২ দাখিল করেন। উক্ত চার্জশীট এ ১ নং চার্জশীটভুক্ত আসামী হিসেবে এস এম সাদেকুর রহমানকে দেখানো হয়েছে। মামলাটি ২৫-০৭-২০১৭ তারিখ পর্যন্ত ০৯(নয়) জন স্বাক্ষীর মধ্যে ০১(এক) জনের স্বাক্ষ্য গ্রহণ সম্পন্ন হয়েছে। বাকী স্বাক্ষী উপস্থিত হয় নাই। ০১-০৮-২০১৭ তারিখ সাক্ষ্য গ্রহণের দিন ধার্য ছিল কিন্তু কোন স্বাক্ষী উপস্থিত হয় নাই। মামলাটির পরবর্তী শুনানী ১২-১০-২০১৭ তারিখে হয়েছে। মামলাটি বর্তমানে বিজ্ঞ ৩য় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত, ঢাকায় বিচারাধীন রয়েছে। তার বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১২৮, তারিখ: ২৭-০৮-২০১৬ ধারা ৪০৯/৪২০ বাংলাদেশ দণ্ডবিধি মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে। গত ২৫-০৮-২০১৬ তারিখে বিজ্ঞ বিচারক তাকে জেল হাজতে প্রেরণ করেছেন;

যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমানকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED (Reg. VII) S-১২৩/৭৮-১১৫ (৫০০), তারিখ : ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১৭-০৭-২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব এস এম সাদিকুর রহমানকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED (Reg. VII) S-১২৩/৭৮-১১৫ (৫০০), তারিখ : ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ২৫-০৮-২০১৬ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ পৌষ ১৪২৪/৩১ ডিসেম্বর ২০১৭

**নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৮.১৭-৩৫৬**—যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শরণখোলা, বাগেরহাট (সাবেক ইন্সট্রাক্টর, ইউআরসি, দৌলতপুর, মানিকগঞ্জ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, দৌলতপুর, মানিকগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গত ৩০ সেপ্টেম্বর ২০০৯ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৩৯/২০০৯/৬৬০ নং স্মারকে ০৩(তিন) টি বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হয় এবং স্থগিত বেতন তিনি কখনও বকেয়া হিসাবে প্রাপ্য হবেন না;

যেহেতু, তিনি উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় ১১৩/২০১০ এটি মামলা দায়ের করেন। গত ২২-০৩-২০১২ তারিখে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা ১১৩/২০১০ নং মামলার রায় প্রদান করতঃ আদেশ প্রদান করে "এই প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলাটি দোতরফা সূত্রে মঞ্জুর করা হইল। ৩০-০৯-২০০৯ খ্রিঃ তারিখের বিরোধীয় আদেশটি বে-আইনী হওয়ায় উহা রদ রহিত করা হইল। দরখাস্তকারীর বকেয়া বেতন ভাতা পরিশোধের জন্য প্রতিপক্ষগণকে নির্দেশ দেওয়া হইল;"

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-এর রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপিল করা হলে ১৯-০৩-২০১৭ তারিখে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক টাইম বারের কারণে শুনানীঅন্তে নিষ্পত্তি হয় (Dismissed as being time barred);

সেহেতু, সরকার পক্ষের আপিল টাইম বারের কারণে সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক Dismissed হওয়ায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের প্রাগম/তঃশৃঃ/ বিমা-৩৯/২০০৯/৬৬০ নং স্মারকে জনাব মোঃ মনিরুজ্জামান, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শরণখোলা, বাগেরহাট (সাবেক ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, দৌলতপুর, মানিকগঞ্জ)-এর ৩(তিন) টি বার্ষিক বেতন বৃদ্ধির স্থগিতাদেশ প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ পৌষ ১৪২৪/২৪ ডিসেম্বর ২০১৭

নং ৩৭.০০.০০০০.০৭১.০১.০১৩.৯৯(অংশ)-১২৭১—The Intermediate and Secondary Education Ordinance 1961 (১৯৭৭ সালে সংশোধিত)-এর section 4 এর clause (x-xi)-এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে নিম্নোক্ত ০২(দুই) জন শিক্ষাব্রতী ব্যক্তিকে প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা-এর সদস্য পদে নিয়োগ দান করেছেন :

১. প্রফেসর তাসলিমা বেগম, প্রাক্তন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। ঠিকানা: বাড়ি-৯১, রোড-১৭, সেক্টর-১৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

২. প্রফেসর মোঃ আব্দুস সালাম হাওলাদার, অবসরপ্রাপ্ত অধ্যাপক, হিসাব বিজ্ঞান বিভাগ, বি.এম কলেজ, বরিশাল। ঠিকানা: ২১৯/৫(বি), দক্ষিণ পীরেরবাগ, মিরপুর, ঢাকা।

**আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ মাঘ ১৪২৪/১৫ জানুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-১৫—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(ছ) ধারার প্রদত্ত ক্ষমতা অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ নজরুল ইসলাম, মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক পদে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলী**

তারিখ : ২১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৩৪/০৩-১১৪১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব শহিদুল ইসলাম, পিতা-মোঃ আবুল কালাম আজাদ, মাতা-মৃত শাহারা বেগম, গ্রাম-দাদপুর, ডাকঘর-বেংগাড়ী, উপজেলা- বাঘা, জেলা-রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাঘা উপজেলার ০৭ নং চকরাজাপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৩৪/০৩-১১৪২—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আইয়ুব আলী, পিতা-মহাসিন আলী, মাতা-ছাপিয়া, গ্রাম-দক্ষিণ মিলিকবাঘা, ডাকঘর-বাঘা, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাঘা পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৭১/৭৬(অংশ-২)-১১৪৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মুহাম্মদ আবু সানয়ান, পিতা-মুহাম্মদ আবু তালেব, মাতা-হারিছা খাতুন, গ্রাম-কোড্ডা, ডাকঘর-কোড্ডা, উপজেলা-ব্রাক্ষণবাড়ীয়া সদর, জেলা-ব্রাক্ষণবাড়ীয়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাক্ষবাড়ীয়া জেলার সদর উপজেলার ১২নং বাসুদেব ইউনিয়নের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৯৮/৭৭(অংশ)-১১৪৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ বাবুল ইসলাম, পিতা-মোঃ আব্দুর রউফ গাজী, মাতা-রিজিয়া খাতুন, গ্রাম-হাড়দ্দহা, ডাকঘর-শাঁখরা কোমরপুর, উপজেলা-সাতক্ষীরা সদর, জেলা-সাতক্ষীরা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার সদর উপজেলার ০৬ নং ভোমরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৩.০০.০০০০.০৬০.২৩.০২২.১৬(অংশ)/২৮—নির্দেশক্রমে বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত ২৭ (সাতাশ) জন নৌ সদস্যগণকে বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতস্বরূপ তাঁদের নামের পাশে বর্ণিত শান্তিকালীন পদক, নির্ধারিত এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারে সম্মতি জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ১ | রিয়ার এডমিরাল মোহাম্মদ মকবুল হোসেন, (ট্যাজ), ওএসপি, বিসিজিএমএস, এনডিইউ, পিএসসি, (পি নং ২৫২)। | নৌ বাহিনী পদক |
| ২ | কমান্ডার শহিদুল ইসলাম, (ট্যাজ), বিএন (পি নং ৮৪৪) | বিশিষ্ট সেবা পদক |
| ৩ | কমান্ডার শেখ মোহাম্মদ জসিমুজ্জামান, (ট্যাজ), পিসিজিএমএস, পিএসসি, বিএন (পি নং ১০৫৮) | বিশিষ্ট সেবা পদক |
| ৪ | কমান্ডার আহমেদ আমিন আবদুল্লাহ, (জি), পিএসসি, বিএন (পি নং ১১৬১) | বিশিষ্ট সেবা পদক |
| ৫ | সঃ সংখ্যা ২০০০০১৬৪ এম নূর উদ্দিন সুমন, পিও (সিডি-১) | বিশিষ্ট সেবা পদক |

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ৬ | সঃ সংখ্যা ২০১৪০৯৪৯ মোঃ মিলন হোসেন, এমই-১ | নৌ গৌরব পদক |
| ৭ | ক্যাপ্টেন সৈয়দ হেলাল হোসেন, (সি), পিএসসি, বিএন (পি নং ৬৬৫) | নৌ গৌরব পদক |
| ৮ | কমান্ডার মোহাম্মদ জাহিদ হোসেন, (ট্যাজ), পিএসসি, বিএন (পি নং ৯৮৮) | নৌ গৌরব পদক |
| ৯ | কমান্ডার তানজিম ফারুক, (এনডি), পিএসসি, বিএন (পি নং ১১৮৮) | নৌ গৌরব পদক |
| ১০ | কমান্ডার শেখ মোহাম্মদ এনামুল হাসান, (এনডি), পিএসসি, বিএন (পি নং ১২৭৩) | নৌ গৌরব পদক |
| ১১ | অঃ সাঃ লেঃ এ কে এম মাজহারুল ইসলাম, (ই), বিএন (পি নং ৩০৩৭) | নৌ গৌরব পদক |
| ১২ | সঃ সংখ্যা ৮৭০২৩৫ মোঃ গোলাম আযম, এমসিপিও (আর) | নৌ গৌরব পদক |
| ১৩ | কমডোর হুমায়ুন কল্লোল, (এল), এনডিইউ, পিএসসি, বিএন (পি নং ৫৩৮) | নৌ উৎকর্ষ পদক |
| ১৪ | ক্যাপ্টেন এ কে এম মারুফ হাসান, (এস), বিসিজিএমএস, পিএসসি, বিএন (পি নং ৭৫১) | নৌ উৎকর্ষ পদক |
| ১৫ | ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা, (জি), পিএসসি, বিএন (পি নং ৮৪০) | নৌ উৎকর্ষ পদক |
| ১৬ | ক্যাপ্টেন মোহাম্মদ রাশেদ সাত্তার, (এন), পিএসসি, বিএন (পি নং ৯৬১) | নৌ উৎকর্ষ পদক |
| ১৭ | কমান্ডার মোহাম্মদ সোহেল আজম, (জি), পিএসসি, বিএন (পি নং ১২৬৪) | নৌ উৎকর্ষ পদক |
| ১৮ | লেঃ কমান্ডার মোহাম্মদ ফজলুর রহমান, (এসডি) (ও/ই), বিএন (পি নং ১৪১১) | নৌ উৎকর্ষ পদক |
| ১৯ | সঃ সংখ্যা ৮৯০৪০০ এম এ মালেক, এসসিপিও (এক্স) | নৌ উৎকর্ষ পদক |
| ২০ | সঃ সংখ্যা ২০০৮০৮৯১ এম এ সাদিকুর রহমান, চীফইএ | নৌ উৎকর্ষ পদক |
| ২১ | সঃ সংখ্যা ৯৩০২৩১ এম আব্দুল্লাহেল বাকী, পিও (মেড) (সিডি) | নৌ উৎকর্ষ পদক |
| ২২ | কমডোর খোন্দকার মিসবাহ উল আজীম, (ট্যাজ), এএপডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৬৮৮) | নৌ পারদর্শিতা পদক |
| ২৩ | ক্যাপ্টেন মোহাম্মদ নজরুল ইসলাম, (এস) পিএসসি, বিএন (পি নং ৬৩৩) | নৌ পারদর্শিতা পদক |
| ২৪ | ক্যাপ্টেন মাসুদ ইকবাল, (সি) পিএসসি, বিএন (পি নং ৭৩৯) | নৌ পারদর্শিতা পদক |
| ২৫ | কমান্ডার মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার, (সি) পিএসসি, বিএন (পি নং ৯৭৭) | নৌ পারদর্শিতা পদক |
| ২৬ | সঃ সংখ্যা ৯০০৫৯৩ এম এয়ার উল্লাহ, চীফইআরএ (সিডি) | নৌ পারদর্শিতা পদক |
| ২৭ | সঃ সংখ্যা ৯৯০০৯০ মোঃ রাশেদুর ইসলাম, ইএ-৩ | নৌ পারদর্শিতা পদক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**সমন্বয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৭.০৫২.০২৮.০১.০০.০১২.১৯৯৫(অংশ-২)-৫৬১**—বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর রেগুলেশন এর বিধি ৪৮ (১) এর আওতায় প্রণীত ১নং ও ৩নং প্রবিধানের প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ (তিন) বছরের জন্য বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড (Electricity Liceancing Bord) পুণর্গঠন করেন। উক্ত বোর্ডের সদস্য বিএ-৩৯৪৬ লেঃ কর্ণেল মিনহাজ, আহমেদ, ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পরিদপ্তর (ইএমই), বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা অন্যত্র স্থায়ীভাবে বদলী হওয়ায় তদস্থলে বিএ-৬২১৬ লেঃ কর্ণেল মোঃ এনামুল করিম, পিএসসি, ইএমই, ইএমই রিপেয়ার সেল, সিএমএইচ, ঢাকা সেনানিবাস, ঢাকা-কে ৩ (তিন) বছরের অবশিষ্ট সময় অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের সদস্য হিসেবে মনোনয়ন (Appointment) প্রদান করা হলো।

২। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আইরিন পারভীন**
সিনিয়র সহকারী সচিব (সম-২)।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং শা-১২/এপি-সি-৪০/৮৮/০১**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের সিপিএল নং-১৭৯২/২০০৯ (রিট নং ৭১৬০/২০০১ থেকে সৃষ্ট) এর ১১-০৪-২০১০ তারিখের রায় বাস্তবায়নার্থে এবং বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক এ রায়ের বিরুদ্ধে রিভিউ না করার মত প্রদান করায় সরকার এতদ্বারা বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ২৬ ডিসেম্বর, ১৯৮৮ এর ১৫৬৪৬ নং পাতায় পরিত্যক্ত সম্পত্তির "খ" তালিকার ৩নং ক্রমিকে প্রকাশিত পরিত্যক্ত বাড়ি নং-৯/১৭, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা, পরিত্যক্ত সম্পত্তির "খ" তালিকা হতে অবমুক্ত করলেন।

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিল্লুর রহমান**
উপসচিব।

---

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১০-০৬**—খুলনা গণপূর্ত উপ বিভাগ-১ এর উপ সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব প্রশান্ত কুমার কুন্ডু ২৫ অক্টোবর ২০১৬ তারিখে আইন শৃংখলা বাহিনী তথা পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক তাকে (জনাব প্রশান্ত কুমার কুন্ডু) উক্ত তারিখ থেকে (২৫-১০-২০১৬) সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি মোতাবেক খোরাকীভাতা (Subsistance allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।